দৈনিক সংবাদ

MAY 1 3 2002
তারিখ ...
পৃষ্ঠা ৬ কলাম ৭

# বেশিরভাগ মালয়েশীয়ই স্কুল পর্যায়ে ইংরেজি পুনঃপ্রবর্তনের পক্ষে

কুয়ালালামপুর থেকে রয়টার্স।- মালয়েশিয়ার বেশিরভাগ নাগরিকই স্কুল পর্যায়ে আবার ইংরেজি চালু করার পক্ষে। সানডে স্টার পত্রিকার এক জনমত জরিপে এ তথ্য প্রকাশ পেয়েছে। প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদ সম্প্রতি স্কুল পর্যায়ে ইংরেজি পুনঃপ্রবর্তনের প্রস্তাব দেয়ার পর এ জরিপ চালানো হয়।

জরিপে অংশগ্রহণকারীদের ৯৭ শতাংশই (৪ হাজার ১শ' ৪২ জন) স্কুলগুলোতে সব ক্লাসেই ইংরেজিতে পড়ানোর পক্ষে মত দিয়েছে। তাদের মতে, এটা করা হলে তা বিশ্ব অর্থনীতির সঙ্গে তাল মিলিয়ে চলতে মালয়েশিয়াকে সহায়তা করবে।

পত্রিকাটি জানায়, জনগণ চাইলে মালয়েশিয়ার স্কুলগুলোতে সব বিষয় ইংরেজিতে পড়ানোর ব্যবস্থা পুনরায় চালু করা হবে বলে মাহাথিরের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে এ জরিপ চালানো হয়েছে।